163

ভোরের কাগজ

তারিখ 1 1 NOV 1998
পৃষ্ঠা ৯ কলাম ৮

# বরিশাল বিএম কলেজ ছাত্রাবাসের লাখ লাখ টাকা আত্মসাৎ

**বরিশাল থেকে সংবাদদাতা** : বরিশাল বিএম কলেজের ডিগ্রি ছাত্রাবাসের আবাসিক ছাত্রদের কাছ থেকে আদায় করা লাখ লাখ টাকা আত্মসাতের ঘটনা ধরা পড়েছে।

কলেজের ডিগ্রি হোস্টেলে ২২০ জন ছাত্রের আবাসিক সুবিধা থাকলেও ৪৪০ জন ছাত্র এখানে কর্তৃপক্ষের অনুমোদন নিয়েই বসবাস করে। এদের কাছ থেকে ১১০ টাকা ফেরতযোগ্য জামানতসহ বছরে ৮৫০ টাকা করে হোস্টেলে ভর্তি ফি আদায় করা হয়। কিন্তু ১৯৮৮ সালের জুলাই থেকে ১৯৯৮ সালের জুলাই পর্যন্ত প্রতিবছর মাত্র ৬৩ জন করে ছাত্রের হোস্টেল ভর্তি ফি জমা হয়েছে। হোস্টেল ত্যাগকারী কোনো ছাত্রই এ পর্যন্ত জমা দেওয়া। জামানতের টাকা ফেরত পায়নি।

এ বিষয়ে দুর্নীতির অভিযোগে দীর্ঘ ১০ বছর ধরে হোস্টেল সুপারের দায়িত্ব পালনকারী অধ্যাপক ইউসুফ আলীকে গত আগস্ট মাসে দায়িত্ব থেকে অব্যাহতি দিয়ে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটি গত ৩০ সেপ্টেম্বর দেওয়া রিপোর্টে হোস্টেলে ব্যাপক আর্থিক অনিয়মের কথা উল্লেখ করেছে। কমিটি ১৯৮৮-৮৯ সাল ব্যতীত অন্যকোনো বছরের ক্যাশ বই বা হিসাবপত্র পায়নি এবং এখনো পর্যন্ত রহস্যজনক কারণে এ বিষয়ে কোনো শাস্তিমূলক ব্যবস্থাও গৃহীত হয়নি

D STATISTICS

SHEET — OF — SHEETS

3. SYSTEM

DATE

77 78 79 80